



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.১২৯.২০২৩-১৩৪৭

তারিখ : ০৩/০৯/২০২৪ খ্রি:।

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ০৩/০৯/২০২৪ খ্রি: তারিখে অনুষ্ঠিত সকল অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, পরিচালক, হল প্রভোস্ট, পরীক্ষা নিয়ন্ত্রক, অতিরিক্ত পরিচালক, সহযোগী পরিচালক (ছাত্র কল্যাণ), সহকারী হল প্রভোস্ট ও অফিস প্রধান এর সমন্বয় সভার সিদ্ধান্ত এবং ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর আইন, ২০০৩ এর ধারা ৪৪(৫) অনুযায়ী সিভিকেটের অনুমোদন সাপেক্ষে অত্র বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সকল ধরনের রাজনৈতিক সংগঠন এবং এর কার্যক্রমের সাথে সম্পৃক্ততা নিষিদ্ধ করা হইল। উল্লিখিত নিষেধাজ্ঞা অমান্যকারীদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিধান অনুযায়ী শাস্তি প্রদান করা হইবে।

০২। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক এবং প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে এই বিজ্ঞপ্তি জারী করা হইল।

(মোঃ মফিজুর রহমান)

অতিরিক্ত রেজিস্ট্রার

ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)

তারিখ : ০৩/০৯/২০২৪ খ্রি:।

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.১২৯.২০২৩-১৩৪৭

সদয় অবগতি ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) অনুলিপি :-

(তালিকা জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পিএস টু ভিসি [ডিন, এমই অনুষদ (একাডেমিক, প্রশাসনিক ও আর্থিক দায়িত্বপ্রাপ্ত) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ২। সকল-ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/সহকারী হল প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান।
- ৩। পরিচালক, কম্পিউটার সেন্টার
(বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
- ৪। পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, চৌরাস্তা, গাজীপুর।
- ৫। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৬। সিনিয়র সহকারী রেজিস্ট্রার, সংস্থাপন শাখা
(সিভিকেটের সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সদর থানা, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, জয়দেবপুর, গাজীপুর।
- ৮। সিকিউরিটি অফিসার, নিরাপত্তা শাখা।
- ৯। সকল নোটিশ বোর্ড।
- ১০। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

(মোঃ জাহিরুল ইসলাম)

সিনিয়র সহকারী রেজিস্ট্রার

একাডেমিক শাখা।